১১৫

আজকের কাগজ

তারিখ ...22 JAN 1996...
পৃষ্ঠা ..৬.. কলাম ..৬...

# দেশের বিভিন্ন স্থানে শিক্ষাপক্ষ '৯৬ পালিত

দেশের বিভিন্ন স্থানে গত ১ থেকে ১৫ জানুয়ারি পর্যন্ত শিক্ষাপক্ষ '৯৬ পালিত হয়েছে।এ সংক্রান্ত আমাদের প্রতিনিধিদের পাঠানো খবর-

**মুক্তাগাছা** থেকে সিরাজুল হক জানান, ময়মনসিংহের মুক্তাগাছা প্রাথমিক শিক্ষা বিভাগ কর্তৃক র‍্যালী সাংস্কৃতিক অনুষ্ঠান, ক্রীড়া প্রতিযোগিতা, আলোচনা সভা, মা/ সমাবেশসহ পক্ষকালব্যাপী বিভিন্ন অনুষ্ঠানমালার মধ্য দিয়ে শিক্ষা পক্ষ '৯৬ উদযাপিত হয়েছে। গত ১১ জানুয়ারি এক বর্ণাঢ্য র‍্যালি শহর প্রদক্ষিণ করে। বিকেলে থানা পরিষদ চত্বরে অনুষ্ঠিত হয় কবিতা আবৃত্তি ও সাংস্কৃতিক অনুষ্ঠান। ১৩ জানুয়ারি নবারুণ বিদ্যা নিকেতন মাঠে অনুষ্ঠিত হয় আন্তঃপৌর প্রাথমিক বিদ্যালয়ের ক্রীড়া প্রতিযোগিতা। এতে সভাপতিত্ব করেন সহকারি থানা শিক্ষা কর্মকর্তা জাহানারা বেগম। প্রধান ও বিশেষ অতিথি ছিলেন যথাক্রমে পৌর চেয়ারম্যান আঃ হাই আকন্দ, থানা শিক্ষা কর্মকর্তা মালবিকা ভৌমিক, আঃ কাদের, সিরাজুল হক দুদু, মনোরঞ্জন দে।

**করিমগঞ্জ** থেকে গোলাম মোস্তফা জানান, প্রাথমিক শিক্ষা পক্ষ উপলক্ষে করিমগঞ্জ থানায় বিভিন্ন কর্মসূচি পালিত হয়েছে। এ উপলক্ষে থানা শিক্ষা অফিসের উদ্যোগে ৭ জানুয়ারি রংবেরং-এর ব্যানার ও ফেস্টুনসহ এক বর্ণাঢ্য র‍্যালি বিভিন্ন রাস্তা প্রদক্ষিণ করে। র‍্যালিতে নেতৃত্ব দেন থানা নির্বাহী কর্মকর্তা মোঃ রফিকুল ইসলাম, থানা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) আবুল কাশেম আকন্দ। র‍্যালি শেষে থানা পরিষদ কার্যালয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

**নাসিরনগর** থেকে আক্তার হোসেন জানান, ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগর থানায় প্রাথমিক শিক্ষা পক্ষের সমাপনী অনুষ্ঠান গত ১৫ জানুয়ারি নাসিরনগর আশুতোষ পাইলট উচ্চ বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত হয়। সমাপনী অনুষ্ঠানে থানার সকল প্রাথমিক শিক্ষক-শিক্ষিকাএসএমসি'র সভাপতিসহ সমাজের সর্বস্তরের ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। থানা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত), মিজানুর রহমানের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি ছিলেন থানা নির্বাহী কর্মকর্তা নুরুল করিম মজুমদার।

**গঙ্গাচড়া** থেকে কামরুজ্জামান জানান, গত ১৫ জানুয়ারি রংপুরের গঙ্গাচড়া থানায় প্রাথমিক শিক্ষা পক্ষ '৯৬-এর সমাপনী অনুষ্ঠান উপলক্ষে বিস্তারিত কর্মসূচি গ্রহণ করা হয়। কর্মসূচির মধ্যে ছিলো জাতীয় পতাকা উত্তোলন, র‍্যালি, ক্রীড়ানুষ্ঠান, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। থানা পরিষদ চত্বরে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভারপ্রাপ্ত থানা শিক্ষা কর্মকর্তা মোহাম্মদ শাহজাহান। প্রধান ও বিশেষ অতিথি ছিলেন থানা নির্বাহী কর্মকর্তা আব্দুর রাজ্জাক ও থানা নির্বাচন কর্মকর্তা মিজানুর রহমান। অন্যান্যের মধ্যে ওয়াহিদুজ্জামান, মনসুর আলী, আনিসুর রহমান প্রমুখ বক্তব্য রাখেন।

**গৌরীপুর** থেকে কমল সরকার জানান, ময়মনসিংহ জেলার গৌরীপুর থানায় পক্ষকালব্যাপী শিক্ষা পক্ষ '৯৬ অনুষ্ঠিত হয়। শিক্ষা পক্ষের ১ম দিনে গৌরীপুরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক শিক্ষিকা ও ছাত্র ছাত্রীর এক বর্ণাঢ্য র‍্যালি গৌরীপুরের প্রধান রাস্তাগুলো প্রদক্ষিণ করে। এ ছাড়া পাবলিক হলে শিক্ষার উপর এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

**বেগমগঞ্জ** প্রতিনিধি জানান, বেগমগঞ্জে জাতীয় শিক্ষা পক্ষ '৯৬ পালিত হয়েছে। এ বছর বেগমগঞ্জে শ্রেষ্ঠ শিক্ষক হিসেবে নির্বাচিত হয়েছেন থানার গনিপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মতিলাল কুরী। শিক্ষা পক্ষ অনুষ্ঠানে জেলা শিক্ষা কর্মকর্তা সুমন কুমার বড়ুয়া তাকে পুরস্কৃত করেন। থানা নির্বাহী কর্মকর্তা আফতাব উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন হেদায়েত উল্লাহ, ফিরোজ উদ্দিন, শিক্ষক মোস্তফা ভূইয়া, সৈয়দ আহম্মদ প্রমুখ।